



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

127629



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/ ১২৩১

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ  
০৮ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

**বিষয়ঃ** অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঞ্চে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/১২০২; তারিখ: ১৩ সেপ্টেম্বর  
২) স্মারক নং-৫০.৪৭.৮৫৫৮.০৫৮.০৭.০২২.২০-১২৩২; তারিখ: ১৪.১০.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন শুকুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতির পদ পরিবর্তনের জন্য ষড়যন্ত্র হচ্ছে মর্মে সভাপতি জনাব মো: মনজুরুল ইসলাম লেলিন অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধানমালা- ৩৩(১) অনুসারে প্রথম সভা অনুষ্ঠিত হয়নি মর্মে তদন্তে প্রতীয়মান হয়।

পরবর্তীতে গভার্ণিং বডি অনুমোদনের দীর্ঘদিন পরেও কেন প্রথম সভা অনুষ্ঠানের মাধ্যমে একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন করে বোর্ডকে অবহিত করা হয় নাই সে বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে মাদ্রাসার অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৩(১) যথাযথভাবে অনুসরণ না করায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে বোর্ড কর্তৃক নং- বামাশিবো/প্রশা/ ৩৩০২০১২৭৬২৯১/ ২৬০৭৬/নথি নং -৩৫ তারিখ: ১২-০৬-২০২০ খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঞ্চে দেয়া হবে না আগামী ০৭ (সাত) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ...X..... (...X.....) পাতা

০৮.১২.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

প্রাপকঃ অধ্যক্ষ  
শুকুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর;

০৮/১২/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/ ১২৩১

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ  
০৮ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রংপুর;
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর;
৫. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, শুকুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

০৮/১২/২০২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

০৮/১২/২০২০